অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/19/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল জাতিগত সমতার ক্ষেত্রে নিউ ইয়র্কের নেতৃত্ব অব্যাহত রাখলেন, ক্ষতিপূরণ এবং জাতিগত ন্যায়বিচার অধ্যয়ন করতে কমিশন প্রতিষ্ঠার জন্য বিধিমালায় স্বাক্ষর করলেন

S.1163-A/A.7691 ক্ষতিপূরণ প্রতিকারের জন্য নিউ ইয়র্ক স্টেট কমিউনিটি কমিশন প্রতিষ্ঠা করে এবং দাসপ্রথার মৌলিক অবিচার ও অমানবিকতার স্বীকৃতি প্রদান করে

কমিশনটি দাসপ্রথার প্রচলন এবং আফ্রিকান বংশোদ্ভূত মানুষের বিরুদ্ধে তার পরবর্তী জাতিগত ও অর্থনৈতিক বৈষম্য, এবং আফ্রিকান বংশোদ্ভূত বেঁচে থাকা মানুষের উপর তার প্রভাব পরীক্ষা করে দেখবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ক্ষতিপূরণ এবং জাতিগত ন্যায়বিচার অধ্যয়ন করার জন্য একটি নতুন কমিশন তৈরির মাধ্যমে জাতিগত সমতার ক্ষেত্রে নিউ ইয়র্কের নেতৃত্ব অব্যাহত রাখতে বিধিমালায় স্বাক্ষর করেছেন। কমিশনটি দাসপ্রথার ভয়ঙ্কর অবিচারের স্বীকৃতি প্রদান করে এবং এর কাজ হবে দাসপ্রথার লিগেসি, আফ্রিকান বংশোদ্ভূত মানুষের বিরুদ্ধে তার পরবর্তী বৈষম্য, এবং বর্তমান সময়েও এইসব ব্যাপার যেই প্রভাব রাখছে তা পরীক্ষা করে দেখা।

"আজকে, নিউ ইয়র্কে দাসপ্রথার পীড়াদায়ক লিগেসির স্বীকৃতি দিয়ে আমরা অতীতের ভুল সংশোধন করতে আমাদের প্রয়াস অব্যাহত রাখছি," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কবাসী হিসেবে আমাদের অভিন্ন ইতিহাসের সকল অংশের স্বীকৃতি প্রদান করা আমাদের নৈতিক দায়িত্ব, এবং এই প্রয়াসের জন্য এই কমিশনটি একটি অতি গুরুত্বপূর্ণ অগ্রগামী ধাপ।"

স্টেট সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "রূপান্তরকারী এই বিধিমালাকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য এবং অতীতের স্বীকৃতি দানে আমাদের প্রক্রিয়া শুরু করার ক্ষেত্রে নিউ ইয়র্ককে সাহায্য করতে তার সমর্থনের জন্য আমি গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাতে চাই। এই ব্যাপারে কাজ করার জন্য, ইতিবাচক পরিবর্তনের জন্য অদম্য একজন হওয়ার জন্য, সিনেটর জেমস স্যান্ডার্সের প্রতি আমি কৃতজ্ঞ। সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা হিসেবে, স্টেটের সিনেটে এই ঐতিহাসিক বিধিমালার পাশ হওয়ার পথ প্রদর্শনে সাহায্য করতে নিষ্ঠার সাথে কাজ করতে পেরে আমিও গর্বিত। একত্রে, নিউ ইয়র্ক ন্যায়বিচার ও সমতার দ্বারা চিহ্নিত একটি ভবিষ্যতের আকৃতি প্রদান করতে পারবে।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল এ. হিস্টি বলেন, "আজ নিউ ইয়র্কের ইতিহাসের একটি যুগান্তকারী মুহূর্ত। আফ্রিকান আমেরিকানরা জাতিগত, অর্থনৈতিক, এবং প্রাতিষ্ঠানিক অবিচারের শিকার হয়েছে যা বহু দশক ধরে আমাদের সম্প্রদায়সমূহকে কলুষিত করেছে, আমাদেরকে এই সত্যিকে স্বীকার করতেই হবে। যদিও আমরা দাসপ্রথার প্রচলনকে অনেক পেছনে ফেলে এসেছি, কিন্তু এর অবশিষ্টাংশ এখনো অনুভব করা যায় এবং এর জন্য অন্তর্দৃষ্টিসম্পন্ন চিন্তা ও পরিবর্তন প্রয়োজন। নিউ ইয়র্ক স্টেট ক্ষতিপূরণ পরিত্রাণের কমিউনিটি কমিশন (New York State Community Commission on Reparations Remedies) তৈরি করে আমরা এমন বিধানিক সমাধান এবং রাজনৈতিক কাঠামো তৈরি করতে পারবো যার দীর্ঘস্থায়ী প্রভাব থাকবে। আজকের দিনকে বাস্তব করার জন্য গভর্নর হোকল, সিনেটর স্যান্ডার্স, এবং অ্যাসেম্বলিওম্যান সোলাজেসের কঠোর পরিশ্রমের জন্য তাদেরকে ধন্যবাদ। আসুন নিউ ইয়র্ককে অগ্রসর করা অব্যাহত রাখি।"

নিউ ইয়র্কের প্রতিষ্ঠা ও ইতিহাসে দাসপ্রথার প্রচলন যে উল্লেখজনক ভূমিকা রেখেছে, বিধিমালা S. 1163-A/A.7691 তার স্বীকৃতি প্রদান করে। বিধিমালাটি ক্ষতিপূরণ প্রতিকারের কমিউনিটি কমিশন প্রতিষ্ঠা করে, যা আফ্রিকান বা আমেরিকান স্টাডিজ, অপরাধ বিচার ব্যবস্থা, মানবাধিকার, নাগরিক অধিকার, ক্ষতিপূরণ সংগঠন, এবং অন্যান্য সংশ্লিষ্ট ক্ষেত্রে দক্ষতা, শিক্ষা, প্রশিক্ষণ, বা বাস্তব অভিজ্ঞতার গুণ দ্বারা বিশেষভাবে যোগ্য নয়জন সদস্য নিয়ে গঠিত হবে।

আমেরিকান রিভোলুশনের পূর্বে, চার্লসস্টন, সাউথ ক্যারোলিনা ব্যতীত, অন্য সকল শহরের থেকে নিউ ইয়র্ক সিটিতে বেশি দাসত্বে বাধ্য করা আফ্রিকান ছিলো, এবং দাসত্বে বাধ্য করা জনগোষ্ঠী নিউ ইয়র্কের জনসংখ্যার 20 শতাংশ ছিলো, এবং কলোনিয়াল নিউ ইয়র্কের 40 শতাংশ গৃহস্থালি দাসত্বে বাধ্য করা আফ্রিকানের মালিক ছিলো। নিউ ইয়র্ক স্টেটের বিকাশের এটি এটি অবিচ্ছেদ্য অংশ, এবং দাসত্বের প্রচলনের এবং এই প্রচলন থেকে পরবর্তীতে সৃষ্ট বৈষম্য ও পদ্ধতিগত বর্ণবাদের পরিণাম এখনো দেখা যাচ্ছে।

স্টেটের সিনেটর জেমস স্যান্ডার্স বলেন, "আজকে আমরা শুধু নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেট নয়, বরং পুরো দেশের জন্য আসার বীজ বপন করেছি। S.1163A নম্বর বিলটি হলো অধ্যবসায়, বিচারের দাবিতে অবিচল স্বরের ক্ষমতার প্রমাণস্বরূপ। এটি একটি মশাল হয়ে থাকুক, এটি এই দেশের প্রতিটি কোণার জন্য তাদের নিজেদের ইতিহাসের মোকাবেলা করা, আমাদেরকে আবদ্ধ করা অবিচারের স্বীকৃতি প্রদান, এবং এমন একটি ভবিষ্যৎ গঠনের আহ্বান হয়ে থাকুক, যেখানে ক্ষতিপূরণ শুধু একটি শব্দ নয়, বরং সকলের জন্য বাস্তব হবে। ঐতিহাসিক এই বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর ক্যাথি হোকলের প্রতি আমার গভীরতম কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই। জাতিগত ন্যায়বিচারের জন্য আমাদের লড়াইয়ে এটি একটি যুগান্তকারী অগ্রগামী পদক্ষেপ এবং গভর্নরের সাহস ও প্রতিজ্ঞা ছাড়া এটি সম্ভব হতো না। S.1163A নম্বর বিল সমাপ্তি রেখা নয়, বরং সূচনা মাত্র। এটি যেই ক্ষতিপূরণ কমিশন গঠন করে তা সত্যের একটি ধারক হবে, দীর্ঘদিন চুপ করিয়ে রাখা স্বরের জন্য একটি প্ল্যাটফর্ম হবে। তাদের অনুসন্ধান সহজ হবে না, কিন্তু এটি প্রয়োজনীয়। এটি শুধু অতীতের ক্ষতিপূরণের জন্য আমাদের পথ প্রদর্শন করবে না, বরং ভবিষ্যতের জন্য পথ দেখাবে, সমতার একটি লিগেসি গঠন করবে যেখানে প্রত্যেক শিশু তার বংশ নির্বিশেষে ঐতিহাসিক অবিচারের শেকলমুক্ত হয়ে স্বপ্ন দেখতে পারবে। আমাদের দেশে সত্যিকারের জাতিগত ন্যায়বিচার অর্জনের জন্য ক্ষতিপূরণ

অত্যাবশ্যকীয় বলে আমি মনে করি। সকলের জন্য আরো ন্যায্য ও সমতার ভবিষ্যৎ গঠন করতে আমাদেরকে অতীতের ক্ষতির স্বীকার ও সমাধান করতেই হবে।"

অ্যাসেম্বলি সদস্য মিশেল সি. সোলাজেস বলেন, "নিউ ইয়র্কের ইতিহাসকে স্বীকার করে আমরা জাতিগত অবিচারের উচ্চ মূল্যের মোকাবেলা করছি। গভর্নর হোকলের স্বাক্ষর দ্বারা কার্যকর হওয়ার পর নিউ ইয়র্ক স্টেটের ক্ষতিপূরণ ও প্রতিকার কমিশনটি ঐক্য ও নিরাময়ের অত্যাবশ্যকীয় অগ্রগামী পথ তৈরিতে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য সম্প্রদায়সমূহের ক্ষমতায়ন করবে। ক্ষতিপূরণ এমন একটি ভবিষ্যতের ভিত্তি স্থাপন করে যেখানে সকল নিউ ইয়র্কবাসী উন্নতি ও সমৃদ্ধি লাভ করতে পারবে। আইনসভা, গভর্নর, এবং অ্যাডভোকেটদের সহযোগিতামূলক প্রয়াসের জন্য আমি তাদের প্রশংসা করছি, এবং বিধিমালাটি স্পন্সর করতে পেরে আমি গর্বিত ও আমাদের অভিন্ন ভবিষ্যতের আকৃতি দান করার ব্যাপারে একত্রে অগ্রসর হওয়া অব্যাহত রাখতে আমি উদগ্রীব।"

অশ্বেতাঙ্গ মানুষের অগ্রগতির জন্য জাতীয় অ্যাসোসিয়েশনের (National Association for the Advancement of Colored People, NAACP) নিউ ইয়র্ক স্টেট কনফারেন্সের প্রেসিডেন্ট ডাঃ হ্যাজেল এন. ডিউকস বলেন, "এই কমিশন প্রতিষ্ঠিত হলে, তা আমাদেরকে নিউ ইয়র্ক স্টেটে আফ্রিকান আমেরিকানদের ইতিহাসে পর্যালোচনা ও খতিয়ে দেখার একটি সুযোগ প্রদান করবে। এবং প্রতিবেদনটির কাজ শেষ হলে, তা আমাদেরকে প্রয়োজনীয় হাতিয়ার এবং আরো অনেক কিছু প্রদান করবে যেমন অর্থনৈতিক প্রবৃদ্ধি, মানসম্পন্ন স্বাস্থ্য, শিক্ষায় সমতা, চাকরির প্রশিক্ষণ, চাকরি তৈরি, আবাসনের জন্য আমাদের কী করা উচিত সেই ধারণা। সকল মানুষের অন্তর্ভুক্তির জন্য সঠিক পথে অগ্রসর হওয়ার ক্ষেত্রে এটি নিউ ইয়র্কের জন্য দারুণ একটি দিন। বিশাল এই পদক্ষেপ গ্রহণের জন্য গভর্নর হোকল এবং আমাদের আইনসভার নেতৃবৃন্দকে ধন্যবাদ।"

কমিশনের কাজ হচ্ছে দাসপ্রথার লিগেসি এবং বর্তমানে নিউ ইয়র্ক স্টেটে বসবাস করা মানুষের উপর এর প্রলম্বিত নেতিবাচক প্রভাব পরীক্ষা করা, এর উদ্দেশ্য হলো দীর্ঘস্থায়ী এইসব অসমতার সমাধান করার জন্য যথাযথ পদক্ষেপ সম্পর্কে সুপারিশসহ একটি প্রতিবেদন প্রকাশ করা। কমিশনের প্রথম বৈঠকের তারিখ থেকে এক বছরে মধ্যে অনুসন্ধানের ফলাফল ও সুপারিশসহ লিখিত এই প্রতিবেদনটি অবশ্যই সিনেটের অস্থায়ী প্রেসিডেন্ট, অ্যাসেম্বলির স্পিকার, সিনেট ও অ্যাসেম্বলির সংখ্যালঘু নেতৃবৃন্দ, নিউ ইয়র্ক স্টেটের গভর্নরের কাছে জমা দিতে হবে।

প্রোটেস্টেন্ট ওয়েলফেয়ার এজেন্সি ফেডারেশনের (Federation of Protestant Welfare Agencies, FPWA) প্রধান নির্বাহী কর্মকর্তা এবং নিউ ইয়র্ক সিটি রেসিয়াল জাস্টিস কমিশনের (Racial Justice Commission) (2021-2022) প্রধান জেনিফার জোন্স অস্টিন বলেন, "গভর্নর হোকলের বিধিমালা S. 1163-A/A. 7691 স্বাক্ষর করার ফলে তা নিউ ইয়র্ক স্টেটে দাসপ্রথার গুরুতর অন্যায় এবং এর পর থেকে বহু বছর ধরে যেই ক্ষতি অব্যাহত আছে তার প্রতিকার করার একটি স্পষ্ট ও অভূতপূর্ব পথে নিউ ইয়র্ক স্টেটকে স্থাপন করে দেয়। দাস বাণিজ্যে নিউ ইয়র্কের অংশগ্রহণ শুধু আঘাতের দাগ রেখে যায়নি, বরং দাসপ্রথা ও এর ফলে হওয়া কাঠামোগত ও পদ্ধতিগত বর্ণবাদের কারণে আফ্রিকান বংশের মানুষ ও সম্প্রদায়ের জন্য একটি বিশাল ক্ষত রেখে গেছে যার নিরাময় এখনো হয়নি। এইসব অবিচার পরীক্ষা করা এবং সামনে অগ্রসর হওয়ার পথ স্থির করতে কমিশন প্রতিষ্ঠা করা বিধিমালাটি আমাদের স্টেটের

জন্য, এবং খুব সম্ভবত সারা দেশের জন্য ক্ষতিপূরণের পথ তৈরি করে দিবে। জাতিগত সমতার জন্য আপনার একনিষ্ঠ ও অবিচল প্রতিশ্রুতির জন্য আপনাকে ধন্যবাদ, গভর্নর হোকল।"

সেইন্ট টমাস ইউনিভার্সিটির (University of St. Thomas) (মিনেসোটা) রেসিয়াল জাস্টিস উদ্যোগের (Racial Justice Initiatives) প্রতিষ্ঠাতা পরিচালক ডাঃ ইয়োহুরু উইলিয়ামস বলেন, "নতুন এই কমিশন তৈরির মাধ্যমে ঐতিহাসিক অবিচারের সমাধানে নিউ ইয়র্ক স্টেটের সাহসী এবং প্রশংসনীয় অগ্রগামী পদক্ষেপের জন্য আমি স্টেটের প্রশংসা করছি। মিনেসোটার সেইন্ট পলে অনুরূপ উদ্যোগে গভীরভাবে যুক্ত থাকা উইলিয়ামস আরো বলেন, "ঐতিহাসিক অসমতার ব্যাপক প্রভাবকে স্বীকৃতি প্রদান ও এর নিরসন করা এবং নিউ ইয়র্কের জন্য সামনের দিনের কঠিন কিন্তু গুরুত্বপূর্ণ এই কাজের গুরুত্বকে আমি স্বীকৃতি প্রদান করছি। পদ্ধতিগত বর্ণবাদের বর্ধিত সচেতনতা দ্বারা চিহ্নিত গুরুত্বপূর্ণ এই মুহূর্তে, প্রতিকারের জন্য অতি গুরুত্বপূর্ণ কাজ করতে নিউ ইয়র্কের মতো সত্যের প্রতিশ্রুতি এবং গভর্নর ক্যাথি হোকলের মতো চিন্তাশীল নেতা আমাদের দেশের অতীতের দায় স্বীকারের ক্ষেত্রে একটি অভিন্ন দায়বদ্ধতাকে তুলে ধরে। এমন প্রয়াসের মাধ্যমেই আমরা নিরাময়, ন্যায়বিচার, এবং আরো সমতার ভবিষ্যতের পথ তৈরি করতে পারবো, যা পদ্ধতিগত বর্ণবাদের লিগেসি নির্মূল করতে আমাদের সামগ্রিক প্রতিশ্রুতিকে আরেকবার নিশ্চিত করে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন